

দুঃখের যজ্ঞ-অনল-জ্বলনে জন্মে যে প্রেম

দীপ্ত সে হেম,

নিত্য সে নিঃসংশয়,

গৌরব তার অক্ষয় ॥

দুরাকাঙ্ক্ষার পরপারে বিরহতীর্থে করে বাস

যেথা জ্বলে ক্ষুব্ধ হোমাগ্নিশিখায় চিরনৈরাশ—

তৃষ্ণাদাহনমুক্ত অনুদিন অমলিন রয় ।

গৌরব তার অক্ষয় ॥

অশ্রু-উৎস-জল-স্নানে তাপস জ্যোতির্ময়

আপনারে আছতি-দানে হল সে মৃত্যুঞ্জয় ।

গৌরব তার অক্ষয় ॥

Parjaay: Prem, Taal: Kaharwa, Raag: Mishra-Bhupali

Visit www.geetabitan.com for notation and other detail